সংবাদ

তারিখ ... 22 DEC 2016 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৪ ...

কবি নজরুল বিশ্ববিদ্যালয়

# অপেক্ষমাণ তালিকার বাইরে ছাত্র ভর্তির অভিযোগ

**প্রতিনিধি, ত্রিশাল (ময়মনসিংহ)**

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ে ২০১৬-১৭ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীর 'ঙ' ইউনিটের থিয়েটার অ্যান্ড পাফরমেন্স স্টাডিজ বিভাগে অপেক্ষমাণ ভর্তির তালিকা লঙ্ঘন করে ভর্তি করা হয়েছে। এ কারণে ভর্তিচ্ছুক পরীক্ষার্থীরা বিশ্ববিদ্যালয় উক্ত বিভাগের শিক্ষকদের প্রতি শিক্ষার্থীরা নেতিবাচক মনোভাব ব্যক্ত করেছেন। এ ঘটনায় সামাজিক যোগাযোগ মাধ্যমে তোলপার সৃষ্টি হয়েছে।

শিক্ষার্থীরা দাবি করেছেন অপেক্ষমাণ ভর্তির তালিকা লঙ্ঘন করে থিয়েটার অ্যান্ড পারফরমেন্স স্টাডিজ বিভাগে অপেক্ষমাণ দ্বিতীয়তম, ১০তম, ১১তম এবং ১২তম ছাড়াই, অপেক্ষমাণ ১৫তম, ১৭তম, ২০তম ও ৩১তম অপেক্ষমাণ পরীক্ষার্থীকে ভর্তি করেছেন। থিয়েটার অ্যান্ড পারফরমেন্স স্টাডিজ বিভাগের বিভাগীয় প্রধান সৈয়দ মামুন রেজা জানান, অপেক্ষমাণ তালিকা হতে ভর্তিচ্ছুক শিক্ষার্থীদের সকাল ১০টার মধ্যে অবশ্যই বিভাগে উপস্থিত থাকার কথা পূর্বেই জানিয়ে দেয়া হয়েছিল। তাই যে সকল ভর্তিচ্ছুক শিক্ষার্থী নির্দিষ্ট সময়ের মাঝে উপস্থিত থাকতে পারেনি তাদের রেখেই উপস্থিতির ভিত্তিতেই অপেক্ষমাণ তালিকার সিরিয়াল অনুযায়ী যে সকল ভর্তিচ্ছুক শিক্ষার্থী উপস্থিত ছিলেন সে সকল শিক্ষার্থী ভর্তি করা হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মোঃ আমিনুল ইসলাম জানান, যে চার জন শিক্ষার্থী অপেক্ষমাণ তালিকা হতে ভর্তি হতে পারেনি, তাদের নাম, রোল নম্বরসহ একটি লিখিত অভিযোগ পেয়েছি। তারা কেন ভর্তি হতে পারেনি আমরা তা যাচাই-বাছাই করে দেখব।